Chapter One
The Sentence

The sentence is the biggest grammatical unit which consists of words, phrases and clauses অর্থাৎ যে বৃহত্তম grammatical unit –এর মধ্যে আমরা word, phrase এবং clause-এর ব্যবহার দেখতে পাই সেটাকেই আমরা sentence বা বাক্য হিসেবে অভিহিত করি। একটা ফুলের মধ্যে যেমন কয়েকটি পাপড়ি সুশৃঙ্খলভাবে সাজানো থাকে, তেমনই একটা বাক্যের মধ্যেও একটা সুনির্দিষ্ট নিয়মে কিছু শব্দ সাজানো থাকে। বিভিন্ন grammarian বিভিন্নভাবে sentence কে সংজ্ঞায়িত করার চেষ্টা করেছেন কিন্তু কোন সংজ্ঞাই আসলে perfect নয়। এজন্য বিশেষ কোন সংজ্ঞা না দিয়ে আমরা বরং এখানে sentence-এর কয়েকটা সাধারণ বৈশিষ্ট আলোচনা করি। যেমন:

1) *A sentence is a group of words* অর্থাৎ একটা বাক্যের মধ্যে কিছু সংখ্যক শব্দ থাকে। যেমন:

Raghib is a bright student. এই বাক্যটিতে ৫টি শব্দ আছে।

2) *A sentence makes complete sense* অর্থাৎ একটা বাক্য পরিপূর্ণ একটা অর্থ প্রকাশ করে। যেমন:

Do not make a noise. এই ৫টি শব্দ একত্রিত হয়ে একটা পরিপূর্ণ অর্থ প্রকাশ করেছে। অতএব এটা একটা বাক্য।

3) *A sentence must have one subject and one finite verb in the minimum* অর্থাৎ একটা বাক্যে নিদেনপক্ষে একটা *subject* এবং একটা *finite verb* থাকতেই হয়। যেমন:

Dogs bark.

এ বাক্যটিতে "Dogs" হচ্ছে subject এবং "bark" হচ্ছে একটা finite verb. (subject এবং finite verb কি তা আমরা পরে আলোচনা করবো।)

4) *A sentence has two parts – subject and predicate* অর্থাৎ প্রত্যেক বাক্যের *subject* এবং *predicate* বলে দু'টি অংশ থাকে। যেমন:

Mira is a beautiful girl.

এখানে "Mira" হচ্ছে বাক্যটির subject বা theme অর্থাৎ যার সম্বন্ধে কিছু বলা হয় এবং "is a beautiful girl" হচ্ছে বাক্যটির predicate বা comment অর্থাৎ subject বা theme সম্পর্কে যা বলা হয়।

5) *A sentence consists of one or more clauses* অর্থাৎ একটা বাক্যের মধ্যে এক বা একাধিক clause থাকতে পারে। যেমন:

The cow is a domestic animal.

If it rains tomorrow, I shall not go to school.

এখানে প্রথম বাক্যটিতে একটা এবং দ্বিতীয় বাক্যে দু'টি clause রয়েছে। (clause সম্পর্কে পরে বিস্তারিত আলোচনা করা হবে।)

6) *Every sentence has a definite communicative function* অর্থাৎ প্রত্যেক বাক্যেরই একটি নির্দিষ্ট যোগাযোগমূলক ভূমিকা থাকে। যেমন:

Do you like music?

Pour me a glass of water.

এই বাক্য দু'টির কাজ হচ্ছে যথাক্রমে কাউকে কিছু প্রশ্ন করা এবং কাউকে কিছু করতে বলা।

7) *In writing, a sentence always begins with a capital letter* অর্থাৎ লেখার সময় যে কোন বাক্যের শুরুতে *capital letter* বা বড় হাতের অক্ষর ব্যবহার করতে হয়। যেমন:

*T*he earth goes round the sun.

*M*ay you live long.

*H*ow are you?

8) *A sentence ends with any of the three punctuation marks–* .?! অর্থাৎ full stop, interrogative sign এবং exclamation mark – এই তিনটির যে কোন একটা বিরাম চিহ্ন দিয়ে যে কোন বাক্য শেষ হয়। যেমন:

Honesty is the best policy.

Where do you come from?

What a nice place it is!

এগুলো হচ্ছে বাক্যের identification marks বা পরিচিতি চিহ্ন। উপরে আমরা sentence-এর কয়েকটি সাধারণ বৈশিষ্ট দেখালাম। এবার আমরা communicative function অনুসারে sentence-এর classification বা শ্রেণীবিভাগ দেখাব।

Functional Categories of Sentences

We need different kinds of sentences to serve different purposes of communication in our everyday life অর্থাৎ আমাদের দৈনন্দিন জীবনে পরস্পরের সঙ্গে যোগাযোগের জন্য বিভিন্ন উদ্দেশ্যে আমরা বিভিন্ন রকম বাক্যের প্রয়োজনীয়তা অনুভব করি। Function-এর বিভিন্নতা অনুসারে ইংরেজীতে sentence পাঁচ প্রকার:

1. *Assertive sentence or Statement*
2. *Interrogative sentence or Question*
3. *Imperative sentence or Command*
4. *Optative sentence*
5. *Exclamatory sentence.*

1. ***Assertive sentence or Statement*** : A sentence which describes a state of affairs, action, feeling or belief অর্থাৎ যে ধরনের বাক্য দিয়ে কোন অবস্থা, কাজ, অনুভূতি বা বিশ্বাস প্রকাশ করা হয়। যেমন:

Hasan is a player.
The tea is very hot.
He takes a morning walk every day.
It is very cold here now.
I don't think the girl is beautiful.

Assertive sentence বা statement শুধু affirmative বা ইতিবাচক নয়, negative বা নেতিবাচকও হতে পারে। **no, not, never, hardly, seldom, nothing, neither** জাতীয় negator ব্যবহার ক'রে আমরা statement গঠন করতে পারি। যেমন:

I have ***no*** money on me.

It is ***not*** raining now.

He ***never*** tells a lie.

It ***hardly*** rains here in winter.

They have ***nothing*** to eat.

Neither he nor his brother came to school yesterday.

লক্ষ ক'রে থাকবে assertive sentence বা statement-এর শেষে সব সময় full stop (যাকে আমেরিকান ইংরেজীতে period বলা হয়) ব্যবহার করতে হয়।

2. ***Interrogative sentence or Question:*** A sentence which is usually used to ask a question অর্থাৎ যে ধরনের বাক্যকে সাধারণত: কোন প্রশ্ন করার জন্য ব্যবহার করা হয়। এ ধরনের বাক্যের শেষে question mark বা note of interrogation ব্যবহার করা হয়। Assertive sentence-এর মত interrogative sentenceও ইতিবাচক এবং নেতিবাচক হতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর:

Is your father a teacher of this school?

Does he teach English?

Are you not a student?

Why do you not learn English?

What class are you in?

ইংরেজীতে interrogative sentence সাধারণত: দু'রকম : Verbal question এবং wh-question. A question which begins with a verb is called a verbal question অর্থাৎ যে question কোন verb দিয়ে শুরু হয় তাকে verbal question বলা হয়। যেমন:

Is it raining now?

Are you hungry now?

Do you watch television every night?

Will you visit me next week?

Did you go to college yesterday?

Can you lend me some money?

শুধু 'Yes' কিংবা 'no বলে এই ধরনের প্রশ্নের জবাব দেয়া যায় বিধায় এদেরকে yes/no question নামেও অভিহিত করা হয়। লক্ষ ক'রে থাকবে, verbal কিংবা yes/no question 'to be' verb, auxiliary verb কিংবা modal দিয়ে শুরু হতে পারে। পক্ষান্তরে, a question which begins with **who, why, when, where** or any other wh-word is called a wh-question অর্থাৎ যে question **who, why, when, where** কিংবা অন্য কোন wh-word দিয়ে শুরু হয় তাকে wh-question বলা হয়। যেমন:

***Who* is knocking on the door?**

***Why* are you shouting?**

***When* was he born?**

***Where* do you come from?**

***How* will you cross the river?**

[বি.দ্রঃ 'How' শব্দটি যদিও w এবং h দিয়ে শুরু হয়নি তবু একে wh-word হিসেবে গণ্য করা হয়।]

***Whom* did you ask the question?**

***Which* book do you want to borrow?**

***Whose* pen is it?**

***How* many children do you have?**

***How* much money do you need?**

***How* long has it been raining?**

***What* is your father's name?**

Interrogative sentence এ 'to be' verb কিংবা auxiliary verb-কে সাধারণতঃ subject-এর আগে বসাতে হয়। কিন্তু question word-টি নিজেই যদি sentence-টির subject হিসেবে কাজ করে তাহলে এ নিয়ম প্রযোজ্য হবে না। সে ক্ষেত্রে প্রশ্নটির word-order হবে assertive sentence-এর মতই। যেমন:

What happened there?

Who is there?

Who went there?

Who is sitting on this chair?

Who sleeps here?

উপরোক্ত দুই ধরনের question কে আমরা full-length question বলতে পারি। এ ছাড়া বিশেষ এক ধরনের short question আছে যা সাধারণত: statement-এর পরে বসে। যেমন:

Your borther is a doctor, ***isn't he?***

He did not go to school yesterday, ***did he***?

এই ধরনের question কে tag question বা question tag বলা হয়। Tag question-এর ফর্মূলা হচ্ছে : **verb+subject**. তবে-এর বিশেষ বৈশিষ্ট হচ্ছে এই যে, tag question টি negative হলে verb এবং not কে contracted form-এ single word হিসেবে লিখতে হবে এবং subject সব সময়ই একটা pronoun হবে।

এখানে কিছু negative verb-এর contracted form দেখানো হলো:

am not	= aren't	did not	= didn't
is not	= isn't	shall not	= shan't
are not	= aren't	will not	= won't
was not	= wasn't	cannot	= can't
were not	= weren't	could not	= couldn't
do not	= don't	should not	= shouldn't
does not	= doesn't	would not	= wouldn't

বাংলায় সব ধরনের statement-এর পরেই আমরা tag question হিসেবে "তাই না?" ব্যবহার করতে পারি। কিন্তু ইংরেজীতে tag question-এর form নির্ভর করে পূর্ববর্তী statement-এর subject এবং verb-এর উপর। যেমন:

This book is very expensive, **isn't it**?

These books are very expensive, **aren't they**?

পূর্ববর্তী statement এ কোন 'to be' verb কিংবা auxiliary verb থাকলে tag question-এ সেই verb টাই ব্যবহৃত হয়। যেমন:

You **are** free now, **aren't** you?

He is coming tomorrow, **isn't** he?

They **can** help us, **can't** they?

কিন্তু পূর্ববর্তী statement এ কোন 'be' কিংবা auxiliary verb না থাকলে, tag question-এ আমরা do ব্যবহার করি। যেমন:

They like music very much, **don't** they?

Your mother works for a bank, **doesn't** she?

He came here yesterday, **didn't** he?

You have two sons, **don't** you?

If the previous statement is negative, the tag question is normally positive and if the previous statement is positive, the tag question is normally negative অর্থাৎ positive tag question ব্যবহৃত হয় সাধারণত: negative statement-এর পরে এবং negative tag question ব্যবহৃত হয় সাধারণত: positive statement-এর পরে। যেমন:

You are not a student, are you?

You are a student, aren't you?

Everybody is present here, aren't they?

কিন্তু বিস্ময়, অবিশ্বাস এবং রাগ প্রকাশের জন্য অনেক সময় positive clause-এর পরে positive tag এবং negative clause-এর পরে negative tag ব্যবহার করা হয়। যেমন:

You have broken the cup, have you?

এই বাক্যে কাপ ভেঙ্গে ফেলার জন্য বক্তার রাগ প্রকাশ পেয়েছে।

3. **Imperative sentence or Command** : A sentence which is used to ask someone to do something অর্থাৎ যে ধরনের বাক্যের সাহায্যে কাউকে কিছু করতে বলা হয়। We can make an order, request or proposal with an imperative sentence. For example:

Sit down to read.

Please shut the door.

Let us go out for a walk.

Don't make a noise.

Please do not smoke here.

Let us not wait here.

Imperative sentence ইতিবাচক এবং নেতিবাচক হতে পারে। But in an imperative sentence the subject usually remains understood অর্থাৎ imperative sentence এর subject সাধারনত: উহ্য থাকে। Like statements, this kind of sentence also ends with a full stop.

4. **Optative sentence:** A sentence which expresses a formal desire or wish অর্থাৎ যে ধরনের বাক্য কোন আনুষ্ঠানিক ইচ্ছা বা কামনা প্রকাশ করে। যেমন:

May you live long.

May Allah bless you.

May they have a happy married life!

May you enjoy sound health!

লক্ষনীয়, এই ধরনের বাক্যে subject-এর আগে 'May' বসে এবং বিরাম চিহ্ন হিসেবে শেষে full stop কিংবা note of exclamation ব্যবহার করা যায়।

[N.B. আধুনিক ইংরেজী grammar-এ optative sentence-এর কোন অস্তিত্ব নেই। এ ধরনের sentence-কে imperative-এর শ্রেণীভূক্ত মনে করা হয়।]

5. **Exclamatory sentence:** A sentence which expresses the speaker's or writer's strong emotion অর্থাৎ যে ধরনের বাক্য বক্তার বা লেখকের গভীর আবেগ প্রকাশ করে। যেমন:

How beautiful the picture is!

What a tragic scene it was!

এ ধরনের বাক্য সাধারণত: how এবং what দিয়ে শুরু হয় এবং note of exclamation দিয়ে শেষ হয়। এতে subject এবং verb-এর order বা ক্রম পরিবর্তিত হয় না। তবে an exclamation may not have the structure of a full sentence অর্থাৎ সব সময় সব exclamation-এর পুরো বাক্যের structure থাকে না। যেমন:

Oh my God!

Good God!

How strange!

Sentence-এর উপরোক্ত বিভাজন হচ্ছে function-ভিত্তিক। এর আরেক রকম classification বা বিভাজন হচ্ছে structure-ভিত্তিক। আগেই বলা হয়েছে, ***a sentence consists of one or more clauses.*** Clause-এর সংখ্যা এবং ধরণ অনুসারেই sentence-এর structural category নির্ণয় করা হয়। এখন আমাদেরকে জানতে হবে clause বলতে আমরা কি বুঝি এবং তা কত প্রকার।

The Clause and Its Classification

A clause is a group of words which forms a grammatical unit and contains a subject and finite verb. It forms a sentence or part of a sentence and often functions as a noun, adjective, or adverb. অর্থাৎ clause বলতে আমরা এমন একটা শব্দগুচ্ছকে বুঝি যা একটা grammatical unit গঠন করে এবং যার মধ্যে একটা subject এবং একটা finite verb থাকে। একটা clause একাই একটা sentence গঠন করতে পারে, আবার তা sentence-এর একটা অংশও হতে পারে। Sentence-এর অংশ হিসেবে clause সাধারণত: noun, adjective কিংবা adverb হিসেবে কাজ করে। যেমন:

I have spent the money.

I have spent the money which you gave me.

এখানে ১ম বাক্যে একটি clause এবং ২য় বাক্যে দুইটি clause আছে। প্রথমত: যে clause-টি একাই একটা বাক্য তৈরি করেছে, দ্বিতীয় ক্ষেত্রে সেই clause টাই একটা বৃহত্তর বাক্যের অংশ হিসেবে কাজ করেছে। দ্বিতীয় বাক্যে "which you gave me" আরেকটা clause যা প্রথম clause-এর 'the money' noun টাকে modify ক'রে adjective হিসেবে কাজ করেছে। এখানে প্রত্যেকটা clause এই একটা ক'রে subject এবং finite verb রয়েছে।

A clause may be independent or dependent অর্থাৎ clause independent এবং dependent এই দু'রকম:

A clause which can be used on its own is called an independent clause-অর্থাৎ যে clause-কে একাকী ব্যবহার করা যায় তাকে independent clause বলা হয়। পক্ষান্তরে, a clause which must be used with another clause to form a complex sentence is called a dependent clause অর্থাৎ একটা complex বাক্য গঠন করতে যে clause কে অবশ্যই অন্য একটা clause-এর সঙ্গে ব্যবহার করতে হয় তাকে dependent clause বলা হয়। যেমন:

Father rebuked me, because I returned home late.

এই বাক্যটিতে 'Father rebuked me' clause-টিকে একাকীও ব্যবহার করা যায়। অতএব এটা একটা independent clause. পক্ষান্তরে, 'because I returned home late' clause-টিকে কখনোই আলাদাভাবে ব্যবহার করা যাবে না। এটাকে ১ম clause-এর সঙ্গে ব্যবহার না করলে এর কোন স্বাধীন অর্থ থাকবে না। অতএব এটা হচ্ছে একটা dependent clause. A dependent clause alwasys depends on the other clause and is subordinate to it. অর্থাৎ একটা dependent clause সব সময়ই অন্য একটা clause- উপর এর নির্ভরশীল এবং ঐ clause টির অধীন। কিন্তু an independent clause never depends on another clause, although it may be linked to that clause অর্থাৎ অন্য একটা clause-এর সঙ্গে ব্যবহৃত হলেও independent clause কখনো তার উপর নির্ভরশীল নয়।

Dependent clauses are of three kinds:

i) ***Noun clause***

ii) ***Adjective clause***

iii) ***Adverbial clause***

A dependent clause which functions as a noun is called a noun clause অর্থাৎ যে dependent clause কোন noun -এর মত কাজ করে তাকে noun clause বলা হয়। যেমন:

I know ***that he is a good boy.***

এখানে এই dependent clause-টি principal clause-এর object হিসেবে কাজ করেছে। অর্থাৎ এটি একটি noun clause.

A dependent clause which functions as an adjective is called an adjective clause অর্থাৎ যে dependent clause কোন adjective-এর মত কাজ করে তাকে adjective clause বলা হয়। যেমন:

I know the man ***who came here.***

এখানে এই dependent clause-টি principal clause-এর noun কে modify করেছে অর্থাৎ adjective-এর মত কাজ করেছে।

A dependent clause which functions like an adverb is called an adverbial clause অর্থাৎ যে dependent clause কোন adverb-এর মত কাজ করে তাকে adverbial clause বলা হয়। যেমন:

The patient had died ***before the doctor came.***

এই dependent clause-টি principal clause-এর verb কে modify করেছে অর্থাৎ adverb-এর মত কাজ করেছে।

আমরা এখানে clause-এর শুধু একটা সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরলাম। Clause নিয়ে পরে আরো বিস্তারিত আলোচনা করা হবে। এখন আমরা sentence-এর structure ভিত্তিক বিভাজনে ফিরে আসতে পারি।

Structural Categories of Sentences

According to the number and nature of clauses in them, (clause- এর সংখ্যা ও ধরণ অনুসারে) English sentences are generally divided into the following ***three*** categories:

1. Simple sentence

2. Compound sentence

3. Complex sentence

1. ***Simple sentence*** : When a sentence consists of only one independent clause, it is called a ***simple*** sentence. In other words, a simple sentence is a one-clause sentence. অর্থাৎ যে sentence-এর মধ্যে একটি মাত্র clause থাকে তাকেই আমরা simple sentence বলতে পারি। এটাও বলা যায়, যে sentence-এর মধ্যে একটা

subject এবং একটা finite verb থাকে সেটাই simple sentence. For example:

Birds can fly.

The sun goes down in the west.

He invited us to a party last week.

The members of my family are looking forward to a foreign tour by the end of this year.

লক্ষ ক'রে থাকবে, a simple sentence is not necessarily a short sentence. It can be quite long. কিন্তু -এর মধ্যে শব্দের সংখ্যা যাই হোক না কেন, subject কিংবা finite verb-এর সংখ্যা একাধিক হতে পারবে না। উপরের বাক্যগুলোর মধ্যে প্রথমটি বেশ ছোট এবং শেষটি বেশ বড় কিন্তু প্রত্যেকটা বাক্যে subject এবং finite verb একটা ক'রেই।

2. ***Compound sentence:*** A sentence which contains two or more independent clauses is called a compound sentence অর্থাৎ যে sentence-এর মধ্যে দুই বা ততোধিক independent clause থাকে তাকেই compound sentence বলা হয়। Compound sentence-এর clause-গুলোকে ***and, but, or*** জাতীয় co-ordinating conjunction দ্বারা সংযুক্ত করা হয়। যেমন:

Raghib is a small boy but ***he is very strong.***

এখানে 'Raghib is a small boy' এবং 'he is very strong' এই independent clause দু'টিকে 'and' দ্বারা যুক্ত ক'রে একটা compound sentence গঠন করা হয়েছে। এবং

I shall either ***phone you*** or ***I shall send you a note.***

বাক্যটিতে 'I shall phone you' এবং I shall send you a note' এই independent clause দু'টিকে 'either ... or' conjunction দ্বারা যুক্ত করা হয়েছে। অতএব, এটাও একটা compound sentence.

3. ***Complex sentence:*** A sentence which contains one independent clause and one or more dependent clauses is called a complex sentence অর্থাৎ যে sentence-এর মধ্যে একটা independent

clause এবং তার সঙ্গে এক বা একাধিক dependent clause থাকে তাকে complex sentence বলা হয়। যেমন:

Wait here until I come back.

এই বাক্যটিতে 'wait here' একটা independent clause এবং 'until I come back' হচ্ছে একটা dependent clause. আবার,

Allah helps those who help themselves.

এই বাক্যটিতে 'Allah helps those' এবং 'who help themselves' হচ্ছে যথাক্রমে independent এবং dependent clause.

এখানে আমরা Simple, Compound এবং Complex sentence-এর একটা সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরেছি। পরে আমরা এ ধরনের sentence-গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করব।

Exercises

a) Identify the functional category of each of the following sentences:

1. What does your elder brother do?
2. Please make me a cup of tea.
3. Don't park your car here.
4. When did you go there?
5. Did you attend the class yesterday?
6. How strange the story is!
7. Everybody admires the beauty of the Taj Mahal.
8. Enjoy your holiday.
9. It is raining very hard.
10. Let us go to the cinema.

b) Use appropriate tag questions after the following statements:

1. Honesty is the best policy.

2. You remember the story.
3. You were not present yesterday.
4. Your father teaches English.
5. The thief has been arrested.
6. You should obey your parents.
7. The fan is moving very fast.
8. The students will certainly attend the next class.
9. He did not help you.
10. You are fine today.
11. You have a car.
12. He has a lot of money.

c) ***Identify the following sentences as Simple, Compound or Complex:***

1. Zinnia is an intelligent girl.
2. Listen to me attentively or leave the class immediately.
3. The telephone rang when I was going to bed.
4. He could not attend the meeting, because he was ill.
5. Rajshahi University is the second biggest university in the country.
6. I could swim when I was only five years old.
7. He is poor but his brother is very rich.
8. They invited about seven hundred people to the feast.
9. If you lend me some money, I shall be grateful to you.
10. This road is repaired every year.
11. Ten years have passed since his father died.
12. He is a teacher and his father was a teacher too.

Chapter Two
The Tense

A tense refers to the form of a verb which indicates the time of an action and describes the state of that action অর্থাৎ কোন tense হচ্ছে একটা verb –এর সেই form যা দিয়ে কোন কাজের সময় বুঝানো হয় এবং ঐ কাজের অবস্থা বর্ণনা করা হয়। যেমন:

He ***works*** here.

We ***worked*** here.

They ***will work*** here.

এখানে ১ম বাক্যে ***works*** verb দিয়ে বর্তমান, ২য় বাক্যে ***worked*** verb দিয়ে অতীত এবং ৩য় বাক্যে ***will work*** verb দু'টি দিয়ে ভবিষ্যৎ সম্পর্কে কিছু বলা হয়েছে। অতএব দেখা যাচ্ছে, কোন কাজের কাল বা সময় বিবেচনায় tense প্রধানত: তিন প্রকার:

i) The Present Tense
ii) The Past Tenge এবং
iii) The Future Tense

কিন্তু মজার ব্যাপার হচ্ছে, verb-এর form অর্থে ইংরেজীতে কোন future tense নেই। আছে শুধু present tense এবং past tense; যেমন 'to write' একটা verb. এর present simple form হচ্ছে '***write***', present participle form হচ্ছে '***writing***', past simple form হচ্ছে '***wrote***' এবং past participle form হচ্ছে '***written***'। এর কোন future form নেই। এই verb দিয়ে ভবিষ্যৎ কালকে বুঝাতে-এর present এবং past form-ই ব্যবহার করতে হবে। যেমন:

I will ***write*** a letter tomorrow.

If you ***wrote*** me a letter, I would be very glad.

এখানে দু'টি বাক্যই ভবিষ্যৎ সম্পর্কে কিন্তু verb-টির present এবং past form ব্যবহার করা হয়েছে। যাই হোক, tense দিয়ে আমরা শুধু সময় নয়, কাজের অবস্থাও বুঝি। যেমন:

It often rains here.

It is raining very hard.

It has rained very hard.

It has been raining since morning.

এখানে প্রত্যেকটা বাক্যেই যে বিষয়টা উল্লেখ করা হয়েছে তার সম্পর্ক বর্তমানের সঙ্গে অর্থাৎ all the sentences are in the present tense. কিন্তু ১ম বাক্যে বৃষ্টি সম্পর্কে একটা সাধারণ মন্তব্য করা হয়েছে। এখানে বৃষ্টির চলমান অবস্থা বা সমাপ্তি সম্বন্ধে কোন ধারণা দেয়া হয়নি। কিন্তু ২য় এবং ৪র্থ বাক্যে বৃষ্টির চলমান অবস্থা বুঝানো হয়েছে এবং ৩য় বাক্যে বৃষ্টির সমাপ্তি বুঝানো হয়েছে। অর্থাৎ একটা tense-এরই আবার কয়েকটা ***aspect*** থাকে যা দিয়ে verb কর্তৃক বর্ণিত কাজের বিভিন্ন অবস্থা নির্দেশ করা হয়। প্রকৃতপক্ষে প্রত্যেক tense-এরই চারটা ক'রে aspect আছে। এগুলো হচ্ছে:

1. Simple aspect,
2. Progressive aspect,
3. Perfective aspect এবং
4. Perfective progressive aspect

আমরা এখন সব tense-এর সব aspect নিয়ে বিস্তারিত আলোচনা করবো।

1. Present Tense: Simple Aspect

The simple aspect of the present tense (or, the present simple tense) describes the present state of affairs or refers to actions or events that always happen as a routine matter অর্থাৎ present tense-এর simple aspect দিয়ে কোন কিছুর বর্তমান অবস্থা বুঝানো হয় এবং যে সব কাজ বা ঘটনা সচরাচর ঘটে থাকে সেগুলোকেই নির্দেশ করা হয়। এক্ষেত্রে কাজটি এ মুহূর্তে হচ্ছে কিনা সেটা গুরুত্বপূর্ণ নয়। এই tense-এর সাধারণ ফর্মূলা হচ্ছে: ***subject + present simple form of the verb.*** যেমন:

I **go** to bed at 12 midnight.

They **come** here every Sunday.

Nurses **look** after patients in hospitals.

The cow **lives** on grass.

The earth **goes** round the sun.

মনে রাখতে হবে, present tense-এর simple aspect-এ subject যদি third person singular হয় তাহলে verb-এর সঙ্গে s/es যোগ করতে হবে।

এই tense-এ interrogative এবং negative sentence তৈরি করতে auxiliary verb হিসেবে do/does ব্যবহার করতে হয়। যেমন :

Do you speak English?

Does he play the piano?

They ***do*** not watch television every night.

She ***does*** not like pop music.

Spoken ইংরেজীতে 'do not' এবং 'does not' কে contraction ক'রে 'don't' এবং 'doesn't বলা হয়। যেমন:

Don't you like this music?

He ***doesn't*** have much money.

Why ***don't*** they come to class?

তবে positive interrogative sentence-এর question word টাই যদি বাক্যের subject হয় তাহলে সেখানে কোন সাহায্যকারী verb লাগবে না। যেমন:

Who goes there?

How many people need our help?

What happens here every day?

এ ধরনের interrogative sentence-এর word-order বা শব্দক্রমও assertive sentence-এর মত।

আবার, কোন কোন negative sentence গঠন করতেও auxiliary verb-এর প্রয়োজন হয় না। যেমন:

There is no mother but loves her children.

It hardly rains here.

He never tells a lie.

Neither of them takes tea regularly.

Nothing ever happens in this town.

Nobody talks with me.

কোন অবস্থা বর্ণনা করতে কিংবা কারো কিছু হওয়া বুঝাতে present simple tense-এ subject-এর পরে 'be' verb ব্যবহার করা হয়। যেমন:

I ***am*** a university student.

This tea ***is*** very hot.

They ***are*** nice people.

English ***is*** an international language.

These mangoes ***are*** not sweet.

এই ফর্মূলায় interrogative sentence গঠন করতে 'be verb' কে subject-এর আগে নিয়ে আসতে হয়। যেমন:

Is he your frined?

Are the vegetables fresh?

Am I not your well-wisher?

Wh-question গঠন করতে question word-টিকেই সর্বাগ্রে বসাতে হয়। যেমন:

Why are you late?

Where is your mother?

When are you free?

কোথাও কোন কিছু আছে এরকম ধারণা প্রকাশ করতে 'there + be' ফর্মূলা প্রয়োগ করতে হয়। যেমন:

There is a lot of meat in the fridge.

There are many rich people in this village.

Is there any money in your pocket?

How many students ***are there*** in this class?

কারো কোন কিছু থাকা অর্থে have/has ব্যবহার ক'রে আমরা present simple tense গঠন করতে পরি। যেমন:

They ***have*** a lot of money.

He ***has*** a nice car.

এ ধরনের possession verb সম্বলিত negative এবং interrogative form গুলো এ রকম হতে পারে:

He has no house of his own.

He does not have any car.

He has not (got) a car.

Do you have any money on you?

Have you (got) any money on you?

How many children do you have?

Modal auxiliary verb-এর সঙ্গে মূল verb-এর base form ব্যবহার ক'রেও present simple tense গঠন করা সম্ভব। যেমন:

The patient ***can walk*** now.

He cannot ***speak*** English.

Can you ***lift*** this box?

I ***would like*** to give you some advice.

You ***need not go*** there.

How ***dare*** you ***say*** this?

2. Present Tense: Progressive Aspect

The progressive aspect of the present tense (or, the present continuous tense) refers to the kind of action which is now in progress. It indicates that something is going on when the speaker is speaking. অর্থাৎ এই মুহূর্তে চলমান অবস্থায় আছে এমন কোন কাজ বুঝাতে present progressive tense ব্যবহৃত হয়। এই tense-এর structural pattern হচ্ছে ***Subject + am / is / are (auxiliary verb) +*** মূল verb-এর ***present participle form.***

My father **is working** in the garden.

The ducks **are swimming** in the pond.

I **am** now **writing** a letter.

শুধুমাত্র এই মুহূর্তে বিরতিহীনভাবে যা ঘটছে তাই নয়, বর্তমান সময়ে বিরতি দিয়ে দিয়ে যে কাজ অনুষ্ঠিত হচ্ছে তা বুঝাতেও present continuous tense ব্যবহৃত হয়। যেমন:

I am now taking my S.S.C. examination.

এই বাক্যটির অর্থ এই নয় যে এই মূহূর্তে আমি পরীক্ষা দিচ্ছি। এখানে বুঝানো হচ্ছে যে, আমার পরীক্ষা শুরু হয়েছে এবং তা শেষ না হয়ে চলমান অবস্থায় আছে।

This tense also refers to changing conditions অর্থাৎ পরিবর্তনশীল অবস্থা বুঝাতেও এই tense ব্যবহার করা হয়। যেমন:

It is getting dark.

Her English is getting better day by day.

Present progressive tense-এর negative এবং interrogative form-গুলো নিম্নরূপ:

It is not raining any more.

The children are not playing now.

They aren't listening to me.

Am I disturbing you?

Is she sleeping now?

Why are you shouting so loudly?

Who is knocking on the door?

What are you doing here?

[N.B. যে কোন tense-এর progressive aspect ব্যবহারের ক্ষেত্রে একটা জিনিস মনে রাখতে হবে যে, ইংরেজীতে stative verb নামে পরিচিত কিছু verb আছে যেগুলো কোন progressive aspect-এ ব্যবহৃত হয় না। Stative verb সম্পর্কে পরে বিস্তরিত আলোচনা করা হবে। এখানে শুধু দু'একটা উদাহরণ দেয়া হলো।]

ইংরেজীতে ***like, dislike, love, hate*** ধরনের কিছু verb আছে যেগুলো দিয়ে বুঝানো কোন চলমান অবস্থা বর্ণনা করতেও present continuous

tense ব্যবহার করা যাবে না। এক্ষেত্রে present simple tense ব্যবহার করতে হবে। যেমন:

I don't love her any more. ('am not loving' নয়)
He does not like you. ('is not liking' নয়)
These shoes belong to me. ('are belonging' নয়)

3. Present Tense : Perfective Aspect

The perfective aspect of the present tense (or, the present perfect tense) refers to a completed action which has still some impact on the present. অর্থাৎ যে কাজ শেষ হয়ে গেছে কিন্তু তার প্রভাব এখনও আছে সেই কাজ বুঝাতে **present perfect tense** ব্যবহৃত হয়। যেমন:

He has lost his umbrella.

বাক্যটি দিয়ে বুঝানো হয়েছে যে, সে তার ছাতাটি হারিয়ে ফেলেছে এবং এখনো সে তা খুঁজে পায়নি। তার ছাতা হারানোর ব্যাপারটি বর্তমানের সঙ্গে সম্পর্কিত। এই tense-এর structural ফর্মূলা হচ্ছে : ***Subject + have / has (auxilary verb) +*** মূল verb এর past participle form. যেমন:

They ***have*** recently ***started*** a new business.
I ***have forgotten*** her telephone number.
The girl ***has finished*** her homework.
The plane ***has*** just ***landed***.
Her father ***has*** recently ***died***.

এই tense-এর negative এবং interrogative form-গুলো লক্ষ কর:

I have not taken a bath yet.
She has not arrived yet.
Have you washed your hair?
What has he done?
Hasn't she taken her breakfast?

Present perfect tense-এ প্রায়ই ever এবং never ব্যবহৃত হয়। যেমন:

Have you ever been to England?
We have never had a car.
This is the most boring film I have ever seen.
He has never driven a car.

"যাওয়া" অর্থে এই tense-এ ***gone*** এবং ***been*** -এর পার্থক্য লক্ষ কর।

He has ***gone*** to China.
He has ***been*** to China.

এখানে ১ম বাক্যে বুঝানো হয়েছে যে তিনি এখন চীনে অবস্থান করছেন কিন্তু ২য় বাক্যে বুঝানো হয়েছে যে তিনি চীনে গিয়েছিলেন কিন্তু এখন তিনি সেখান থেকে ফিরে এসেছেন।

Stative verb-এর কারণে যেখানে present perfect continous tense ব্যবহার করা সম্ভব হয় না তখন present perfect tense ব্যবহার করতে হয়। যেমন:

আমরা অনেকদিন যাবৎ রাজশাহীতে আছি - ***We have been in Rajshahi for a long time.***

আমি তাকে ১৯৯০ সাল থেকে চিনি - ***I have known him since 1990.***

সময়ের উল্লেখ না থাকলে দূরবর্তী অতীতের কাজকেও present perfect tense- এ উল্লেখ করা যায়। যেমন:

I have read the book.

এখানে বক্তার বইটি পড়া অনেক আগেও হয়ে থাকতে পারে। কিন্তু সময়ের উল্লেখ থাকলে একটু আগের ঘটনাকেও past indefinite tense-এ লিখতে হবে। যেমন:

I went there in the morning.
I took a bath a little while ago.

4. Present Tense : Perfective Progressive Aspect

The perfective progressive aspect of the present tense (or the present perfect continuous tense) refers to an action which

started in the past but is still going on অর্থাৎ present tense-এর perfective progressive aspect ব্যবহার করা হয় সেই ধরনের কাজকে বুঝাতে যা অতীতে শুরু হয়ে বর্তমানেও চলমান অবস্থায় আছে।

অতীতের যে সময় থেকে কাজটি শুরু হয়েছিল সেই সময়টা উল্লেখ করলে এই tense-এ ***'since'*** ব্যবহার করতে হয় এবং কাজটির শুরু থেকে বর্তমান মুহূর্ত পর্যন্ত total duration বুঝাতে ***'for'*** ব্যবহার করতে হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর:

It has been raining **since** morning.

We have been watching TV **since** 2 p.m.

I have been waiting here **for** nearly an hour.

He has been teaching English **for** ten years.

লক্ষ ক'রে থাকবে, এই tense-এর structural ফর্মূলা হচ্ছে : ***Subject + have / has + been +*** মূল ***verb***-এর ***present participle form.***

এই tense-এর negative এবং interrogative form-গুলো এরকম:

It has not been raining long.

Have you been waiting long for me?

How long have you been learning English?

Since when has it been raining?

যে কাজটি অতীতে শুরু হয়ে এইমাত্র শেষ হয়েছে তা বুঝাতেও present perfect continuous tense ব্যবহৃত হয়। যেমন:

You are very tired. ***Have you been running?***

Your clothes are dirty. ***What have you been doing?***

এখানে দু'টো বাক্যেই উল্লেখিত কাজের শেষ হয়ে যাওয়া অবস্থায় প্রশ্ন দু'টো করা হয়েছে।

আগেই বলা হয়েছে, stative verb-এর ক্ষেত্রে present perfect continous tense-এর পরিবর্তে present perfect tense ব্যবহার করতে হয়। যেমন:

I have not seen her for ages.

He has been ill since last Monday.

5. Past Tense: Simple Aspect

The simple aspect of the past tense (or, the past simple tense) refers to a past state of affairs or an action completed in the past অর্থাৎ past simple tense ব্যবহৃত হয় অতীতের কোন অবস্থা বা অতীতে সংঘটিত কোন কাজ বুঝতে। এই tense-এ বর্ণিত অবস্থা বা কাজের সঙ্গে বর্তমানের কোন সম্পর্ক নেই। এর সাধারণ structural ফর্মূলা হচ্ছে - *Subject*-এর সঙ্গে ***verb***-এর ***past simple form***:

*He **phoned*** me yesterday.

*They **discussed*** the matter with me.

*Columbus **discovered*** America.

Nagative এবং intrrogative sentence-এর বেলায় এই tense-এ সাহায্যকারী verb হিসেবে did ব্যবহার করতে হয় এবং তখন মূল verb-এর present simple form ব্যবহার করতে হয়। যেমন:

I ***did*** not ***meet*** him yesterday.

He ***did*** not ***attend*** the meeting.

Did they ***discuss*** the matter with you?

What time ***did*** they ***arrive***?

Where ***did*** you ***buy*** this shirt?

তবে positive question-এ question-word নিজেই subject হলে সে ক্ষেত্রে auxiliary verb ব্যবহার করতে হয় না। এ ধরনের প্রশ্নের structure হবে affirmative statement-এর মত। যেমন:

Who ***went*** there?

How many people ***attended*** the meeting?

আবার কোন কোন negative sentence গঠন করতেও এই tense-এ auxiliary verb-এর প্রয়োজন হয় না। যেমন:

Nobody went there with me.

Nothing serious happened there.

Neither of them liked you.

He never visited me.

অতীতের কোন অবস্থা বর্ননা করতে কিংবা কারো কিছু হওয়া বুঝাতে এই tense-এ 'be' verb হিসেবে was / were ব্যবহৃত হয়। যেমন:

The food **was** excellent.

It was a **very** beautiful garden.

The girls **were** very nervous.

We **were** afraid of the strange man.

Were you present there?

Why **was** he absent from the class yesterday?

কোথাও কোন কিছু ছিল এমন ধারণা প্রকাশ করতে 'there' -এর সঙ্গে was / were ব্যবহার করতে হয়। যেমন:

There **was** a lot of money in the box.

There **were** many mango trees in our orchard.

How many people **were** there in the bus?

কারো কোন কিছু ছিল অর্থে আমরা ***had*** ব্যবহার ক'রে past simple tense গঠন করতে পারি। যেমন:

He had an expensive car.

They had a beautiful house in Dhaka.

We had a nice garden.

এ ধরনের possession verb সম্বলিত negative এবং interrogative form -গুলো এ রকম হতে পারে:

They had no house of their own.

He did not have much money.

We had not (got) a car.

We never had a car.

Did you have any money on you then?

How many children did he have?

Had he any car?

Modals ব্যবহার ক'রেও past simple tense গঠন করা সম্ভব। যেমন:

I could swim at the age of five.
He could not attend the meeting.
You should have done the work.
I might have caught the bird.
It must have rained last night.
He used to smoke.

লক্ষনীয়, "He used to smoke" বাক্যটির negative এবং interrogative তিন রকম হতে পারে:

He used not to smoke.
He did not use to smoke.
He did not used to smoke.

Used he to smoke?
Did he use to smoke?
Did he used to smoke?

Did-এর পরে 'used'-এর ব্যবহার একটা ব্যতিক্রমী ব্যাপার। এটা শুধু এই modal-টির বেলাতেই সম্ভব। অন্য কোন modal -এর ক্ষেত্রে 'do' verb এর ব্যবহারই নেই।

6. Past Tense: Progressive Aspect

The progressive aspect of the past tense (or, the past continouse tense) refers to an action that was going on at a particular point of time in the past অর্থাৎ past tense-এর progressive aspect দিয়ে এমন একটা কাজকে বুঝানো হয় যা অতীতের কোন একটা নির্দিষ্ট সময়ে চলমান অবস্থায় ছিল। যেমন:

They were watching television at 8 o'clock last night.

এখানে বুঝানো হয়েছে যে, তাদের টেলিভিশন দেখার কাজটি রাত আটটার আগেই শুরু হয়েছিল এবং আটটার সময় তা শেষ হয়েছিল না। আটটার সময় কাজটি চলমান অবস্থায় ছিল। এই tense-এর structural ফর্মূলা হচ্ছে ***Subject*** + ***was/were*** (auxiliary verb) + মূল **verb**-এর **ing form** যেমন:

The dog was barking continuously.

The phone rang while ***I was working*** in the garden.

When I arrived, ***they were playing*** tennis.

এই tense-এর negative এবং interrogative form গুলো এ রকম:

The boy was not studying attentively.

They were not walking very fast.

Were you sleeping at 7 o'clock in the morning?

Why was the baby crying then?

What were they doing at 10-30?

How was the old man crossing the road?

Stative verb-এর কারণে যেখানে past continnuous tense সম্ভব নয় সেখানে past simple tense ব্যবহার করতে হয়। যেমন:

The book belonged to me. ("was belonging" নয়)

He loved the girl. ("was loving" নয়)

7. Past Tense : Perfective Aspect

The perfective aspect of the past tense (or, the past perfect tense) is usually used to refer to an action which happened before another action in the past অর্থাৎ past tense-এর perfective aspect ব্যবহৃত হয় সাধারণত: সেই কাজটি বুঝাতে যা অতীতে অন্য একটা কাজের আগে ঘটেছিল। যেমন, রাগীব আজ দুপুরে প্রথমে গোসল করেছিল এবং তারপর দুপুরের খাবার খেয়েছিল। এখানে তার গোসল করার কাজটিকে past perfect tense-এ উল্লেখ করতে হবে। এই tense-এর structural ফর্মূলা হচ্ছে : ***subject + had*** (auxiliary verb) + মূল **verb**-এর **past participle form** যেমন:

Raghib had taken a hath before he ate his lunch.

When I arrived home. I found that ***someone had stolen my bicycle.***

I felt very nervous in the plane because ***I had not flown before.***

The house was dirty; ***we had not cleaned it for weeks.***

We reached the cinema at 6.15 pm. ***The film had already started.***

লক্ষ ক'রে থাকবে, অতীতে সংঘটিত দু'টি কাজের মধ্যে পরেরটা উল্লেখ করতে past simple tense ব্যবহার করতে হয়। 'Be' verb দিয়ে past perfect tense গঠন করতে হয় এভাবে:

The girl had been ill before she came here.

Had you been nervous before the plane took off?

8. Past Tense : Perfective Progressive Aspect

The perfective progressive aspect of the past tense (or, the past perfect continuous tense) expresses a repeated or continuous action that happened in the past over a period of time অর্থাৎ past perfect continuous tense সেই ধরনের কাজের কথা বলে যা অতীতে কিছু সময় ধরে চলেছিল। এই tense এর structural ফর্মূলা হচ্ছে ***Subject + had + been +*** মূল ***verb***-এর ***ing form*** যেমন:

I had been trying to get you on the phone for about ten minutes last night.

Since when **had you been dialling** my number?

I was very tired when I arrived home. ***I had been working*** hard all day.

অতীতে একটা কাজের আগে অন্য একটা কাজ কত সময় যাবৎ চলছিল তা বুঝাতে past perfect continuous tense ব্যবহৃত হয়। যেমন:

My brother had been smoking for ten years before he finally gave it up.

How long had you been waiting when the bus finally arrived?

When I looked out, ***it had been raining*** (অর্থাৎ আমি যখন বাইরে তাকিয়েছিলাম তখন বৃষ্টি থেমে গিয়েছিল।)

9. Future Tense : Simple Aspect

The simple aspect of the future tense (or, future simple tense) refers to all kinks of predicted or planned activities of the future. Different modals in this aspect show the degree of certainty with which the activities are likely to happen in the time to come. অর্থাৎ future tense-এর simple aspect দিয়ে সাধারণভাবে ভবিষ্যতের সব ধরনের অনুমিত কিংবা পরিকল্পিত কাজকে বুঝানো হয়। এই aspect-এ ব্যবহৃত বিভিন্ন modal ভবিষ্যতে অনুষ্ঠিতব্য কাজের নিশ্চয়তার মাত্রা প্রকাশ করে। আমরা আগেই বলেছি, there is no future form of verb in English এবং সেজন্যই ভবিষ্যৎ কাল প্রকাশ করতে নানা ধরনের modal এবং মূল verb-এর present এবং past form ব্যবহার করতে হয়। এই tense এর সাধারণ ফর্মূলা হচ্ছে : ***Subject + shall/will*** + মূল ***verb*** -এর ***base form*** যেমন:

I shall give you a ring tomorrow.

They will receive me at the airport.

Shall I shut the window?

Will you go shopping this evening?

Formal ইংরেজিতে first person-এর সঙ্গে ***shall*** এবং অন্য person-এর সঙ্গে ***will*** ব্যবহার ক'রে simple futurity প্রকাশ করা হয় এবং -এর ব্যতিক্রম ঘটিয়ে অন্য কিছু প্রকাশ করা হয়ে থাকে। যেমন:

You **shall** be punished. (ভয় দেখানো)

The school **shall** remain closed. (আদেশ)

I **will** certainly help you. (প্রতিশ্রুতি)

কিন্তু spoken ইংরেজীতে সব person-এর সাথেই ঢালাওভাবে ***will*** ব্যবহার ক'রে simple futurity প্রকাশ করা হয়। যেমন:

I'll attend the class.

We'll join you later.

They'll come here tomorrow.

Shall/will ছাড়া অন্য modal ও এই tense-এ ব্যবহৃত হয় এবং একেক modal একেক রকম ধারণা প্রকাশ করে। যেমন:

I **can do** the work tomorrow. (সামর্থ্য বুঝাতে)

It **may rain** tonight. (সম্ভাবনা বুঝাতে)

It **might rain** tonight. (অপেক্ষাকৃত কম সম্ভাবনা বুঝাতে)

It **must rain** tonight. (নিশ্চয়তা বুঝাতে)

I **must help** you. (প্রতিশ্রুতি বুঝাতে)

You **should obey** your parents. (দায়িত্ব বা ঔচিত্য বুঝাতে)

কাল্পনিক ভবিষ্যৎ কিংবা আনুষ্ঠানিক অনুরোধ প্রকাশ করতে future tense-এও আমরা verb-এর past tense ব্যবহার করতে পারি। যেমন:

If you ***lent*** me 5 lakh taka, I would buy a car next week. (unrealistic future)

I should be grateful to you if you ***helped*** me with some money. (formal request).

কোন schedule, time table কিংবা পরিকল্পনা-ভিত্তিক ভবিষ্যতের কাজ বুঝাতে modal ব্যবহার না ক'রে present simple কিংবা present continuous tense ব্যবহার করা হয়। নীচের form তিনটি লক্ষ কর:

The train ***leaves*** at 3 o'clock.

He is ***leaving*** for London tomorrow.

We are ***going to*** buy a car.

এখানে প্রত্যেকটা বাক্যই ভবিষ্যৎ সম্পর্কে। প্রথম বাক্যটি বক্তা ব্যবহার করেছেন ট্রেনের সময়সূচী দেখে তিনটা বাজার আগে। পরের দু'টি বাক্য দিয়ে

পরিকল্পিত ভীবষ্যৎ বুঝানো হয়েছে। বক্তার কথা বলার আগেই এ দু'টো কাজের ব্যাপারে সিদ্ধান্ত বা ব্যবস্থা গৃহীত হয়েছে।

মনে রাখতে হবে, অতীতে কিছু না ভেবে তাৎক্ষণিকভাবে কোন কিছু করার সিদ্ধান্ত নিলে future simple tense-এ shall/will ব্যবহৃত হয় এবং যে কাজের জন্য ইতিমধ্যেই সিদ্ধান্ত বা ব্যবস্থা গৃহীত হয়েছে তা বুঝাতে present continuous tense ব্যবহার করতে হয়। অনেক সময় আবার shall/will-এর আগে I think বা we think ব্যবহার করে সিদ্ধান্ত প্রকাশ করা হয়। যেমন:

I think I'll stay at home this evening.

We don't think we'll go out tonight.

10. Future Tense: Progressive Aspect

The progressive aspect of the tfuture tense (or, the future continuous tense) indicates that an action will be in progress at a future point of time অর্থাৎ future continuous tense দিয়ে বুঝানো হয় যে কোন কাজ ভবিষ্যতের কোন একটা নির্দিষ্ট সময়ে চলমান অবস্থায় থাকবে। এই tense-এর structural pattern হচ্ছে ***Subject + shall/will + be +*** মূল ***verb*** -এর ***present participle form.*** যেমন:

I shall be watching television at 9 o'clock tonight.

What will you do at 12 midnight? ***Will you be sleeping?***

অর্থাৎ এই tense দিয়ে বুঝানো হয় যে, ভবিষ্যতে কোন একটা সময়ের আগেই একটা কাজ শুরু হবে এবং ঐ সময় তা শেষ না হয়ে চলমান অবস্থায় থাকবে। কাজটার অবস্থা continuous অথবা repeated দু'রকমই হতে পারে। যেমন:

In the next month I shall be writing this book.

অর্থাৎ বইটা লেখা আমি শুরু ক'রেছি এবং সামনের মাসে তা অব্যাহত থাকবে। তবে-এর অর্থ এই নয় যে, আমি রাত-দিন চব্বিশ ঘন্টাই বই লেখার কাজ করি। এটা হচ্ছে একটা interrupted এবং repeated কাজের উদাহরণ।

11. Future Tense : Perfective Aspect

The perfective aspect of the future tense (or, the future perfect tense) indicates that an action will be completed at a particular point of time in the future অর্থাৎ future tense-এর perfective aspect দিয়ে বুঝানো হয় যে ভবিষ্যতের কোন একটা নির্দিষ্ট সময়ে একটা কাজ সমাপ্ত হয়ে থাকবে। এই tense-এর structural ফর্মূলা হচ্ছে : ***Subject + shall /will + have +*** মূল ***verb*** এর ***past participle form.*** যেমন:

By the time you come back, ***I'll have finished*** *my homework.*

By the year 2010 ***he will have become*** a professor.

